



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd



বিজ্ঞপ্তি নং- ১৮

তারিখ: ১৯/০১/২০২৩

বিজ্ঞপ্তি

একাদশ-দ্বাদশ শ্রেণির বিভিন্ন বিষয়ের পাঠ্যপুস্তকের ইংরেজি ভাষনের নতুন পাণ্ডুলিপি মূল্যায়নের জন্য মূল্যায়নকারী তালিকাভুক্তিকরণ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ-দ্বাদশ শ্রেণির নিম্নলিখিত বিভিন্ন বিষয়ের (১ম ও ২য় পত্র) পাঠ্যপুস্তকের নতুন পাণ্ডুলিপি মূল্যায়ন করার জন্য কলেজ/বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকগণের নিকট থেকে প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ চেয়ারম্যান, এনসিটিবি বরাবর আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২৬/০২/২০২৩ তারিখের মধ্যে ১. নাম ২. পদবি ৩. কর্মরত প্রতিষ্ঠানের নাম ৪. বর্তমান যোগাযোগের ঠিকানা (টেলিফোন/ মোবাইল নম্বরসহ) ৫. স্থায়ী ঠিকানা ৬. অধ্যাপনার অভিজ্ঞতা ৭. নিজস্ব লিখিত বই/পাঠ্যপুস্তক/দেশি ও বিদেশি জার্নালে যদি লিখে থাকেন তবে বই-এর নাম এবং প্রকাশনা সংস্থার নাম ৮. এনসিটিবিতে বিভিন্ন বিষয়ে কাজ করার অভিজ্ঞতা (যদি থাকে বিষয় ও তারিখ উল্লেখসহ প্রমাণপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে) উল্লেখসহ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

আবেদনের বিষয়সমূহ :

১।	ট্যুরিজম এন্ড হসপিটালিটি (১ম ও ২য় পত্র)	১২।	সমাজবিজ্ঞান (১ম ও ২য় পত্র)
২।	পদার্থবিজ্ঞান (১ম ও ২য় পত্র)	১৩।	সমাজকর্ম (১ম ও ২য় পত্র)
৩।	রসায়ন বিজ্ঞান (১ম ও ২য় পত্র)	১৪।	গার্হস্থ্যবিজ্ঞান (১ম ও ২য় পত্র)
৪।	জীববিজ্ঞান (১ম ও ২য় পত্র)	১৫।	ইসলাম শিক্ষা (১ম ও ২য় পত্র)
৫।	উচ্চতর গণিত (১ম ও ২য় পত্র)	১৬।	মনোবিজ্ঞান (১ম ও ২য় পত্র)
৬।	পরিসংখ্যান (১ম ও ২য় পত্র)	১৭।	ভূগোল (১ম ও ২য় পত্র)
৭।	ইতিহাস (১ম ও ২য় পত্র)	১৮।	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (১ম ও ২য় পত্র)
৮।	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১ম ও ২য় পত্র)	১৯।	হিসাববিজ্ঞান (১ম ও ২য় পত্র)
৯।	পৌরনীতি ও সুশাসন (১ম ও ২য় পত্র)	২০।	ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা (১ম ও ২য় পত্র)
১০।	অর্থনীতি (১ম ও ২য় পত্র)	২১।	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (১ম ও ২য় পত্র)
১১।	যুক্তিবিদ্যা (১ম ও ২য় পত্র)	২২।	কৃষি শিক্ষা (১ম ও ২য় পত্র)

শর্তাবলি :

- সরকারি/বেসরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ০৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। সরকারি/বেসরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ে কর্মরত বি.এড/এম.এড ডিগ্রিধারীরাও ন্যূনতম ০৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন হলে আবেদন করতে পারবেন।
- ইতোপূর্বে এনসিটিবির একাদশ-দ্বাদশ শ্রেণির পাণ্ডুলিপি মূল্যায়নের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- অনুমোদনের জন্য জমাকৃত পাণ্ডুলিপির অথবা ইতোপূর্বে অনুমোদিত পাঠ্যপুস্তকের লেখক/সম্পাদক মূল্যায়নকারী হিসেবে আবেদন করতে পারবেন না।
- প্রাপ্ত আবেদনপত্রসমূহ এনসিটিবির নির্ধারিত নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই করে মূল্যায়নকারী নির্বাচন করা হবে।

১৯/০১/২০২৩
(মোসাঃ নাজমা আখতার)
সচিব
ফোন : ০২-২২৩৩৮৫৬৪৪

১৯